**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল "গাঁজা কথোপকথন" জনস্বাস্থ্য শিক্ষা ক্যাম্পেইনের দ্বিতীয় রাউন্ড উন্মোচন করলেন

***নিউ ইয়র্কের প্রথম গাঁজা জনস্বাস্থ্য ক্যাম্পেইনের নতুন ঢেউয়ে রয়েছে টেলিভিশন, রেডিও, পরিবহন, বিলবোর্ড, এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসেবা বিজ্ঞাপন, যেখানে কমবয়সীদের ব্যবহারে, মাদকাসক্ত গাড়ি চালানো প্রতিরোধে, নিরাপদে সংরক্ষণে এবং সর্বসমক্ষে ব্যবহারের দিকে আরো গভীর মনোযোগ দেওয়া হয়েছে***

***"গাঁজা কথোপকথন" হলো 20 এপ্রিলকে সামনে রেখে শুরু হওয়া সর্বশেষ বার্তা ব্যবস্থা, যা নিউ ইয়র্কবাসীকে আন্তর্জাতিক গাঁজা দিবস উদযাপনে নিরাপদ থাকার ব্যাপারে তথ্য প্রদান করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে স্টেটের গাঁজা আইনের (Cannabis Law) ব্যাপারে তথ্য প্রদানকারী নিউ ইয়র্ক স্টেটের প্রথম গণশিক্ষা উদ্যোগ, "গাঁজা কথোপকথন (Cannabis Conversations)" ক্যাম্পেইনে জনসেবা বিজ্ঞাপনের নতুন রাউন্ড উন্মোচন করলেন। ক্যাম্পেইনের এই ঢেউটি মাদকাসক্ত হয়ে গাড়ি চালানোর বিপদ, কমবয়সীদের গাঁজা ব্যবহারের ঝুঁকি, কীভাবে বাড়িতে নিরাপদে গাঁজা রাখা যাবে, এবং কীভাবে জনসমক্ষে সসম্মানে গাঁজা সেবন করা যাবে সে ব্যাপারে আরো গভীরে প্রবেশ করবে।

"স্টেটের "গাঁজা কথোপকথন" ক্যাম্পেইনে আজকের জনসেবা বিজ্ঞাপনের নতুন রাউন্ড একটি নিরাপদ, অন্তর্ভুক্ত, ন্যায্য গাঁজা শিল্পের দিকে আমাদের যাত্রায় আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ," **গভর্নর হোকল বলেন।** "আমরা যে দেশের সবথেকে শক্তিশালী গাঁজা শিল্প গঠন করছি তার অংশ হলো এটি নিশ্চিত করা যে আজকে 4/20 এর উদযাপনের পূর্বেই নিউ ইয়র্কবাসীদের হাতের মুঠোতেই সকল সংশ্লিষ্ট তথ্য রয়েছে এবং তা হলো আসক্ত অবস্থায় গাড়ি চালানো কখনোই নিরাপদ নয়, বিঘ্নকারী উপায়ে গাঁজা সেবন করা উচিত নয়, এবং গাঁজা কমবয়সীদের বিকাশমান মস্তিষ্ককে ক্ষতিগ্রস্ত করতে পারে।"

20 এপ্রিল বা 4/20 পুরো বিশ্বে ব্যাপকভাবে একটি অনানুষ্ঠানিক গাঁজা ছুটির দিবস হিসেবে স্বীকৃত যেই সময় গাঁজা প্রায়শই খোলাখুলিভাবে সেবন করা হয়, এটি ঐতিহাসিকভাবে এটিকে অপরাধীকরণের প্রতিবাদে হতো এবং ক্রমশ গাঁজা নিষেধাজ্ঞা এবং এর অসামঞ্জস্যপূর্ণ প্রয়োগ শেষ করতে দীর্ঘদিনের প্রচেষ্টা সফল হওয়ার স্বীকৃতিতে করা হচ্ছে। এখন এইসব স্বাস্থ্য ও নিরাপত্তা বার্তা সম্প্রসারণ করা নিউ ইয়র্কবাসীকে 4/20 এ নিরাপদ থাকার কথা মনে করিয়ে

দিচ্ছে, এমন একটি মুহূর্তে যখন গাঁজা নিয়ে সচেতনতা তুঙ্গে আছে, যা নিউ ইয়র্কবাসীদের মনোযোগ নিশ্চিত করতে সাহায্য করবে। "গাঁজা কথোপকথন" ক্যাম্পেইনটি টেলিভিশন, রেডিও, বিলবোর্ড, পরিবহন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হচ্ছে।

"গাঁজা কথোপকথন" জনস্বাস্থ্য ক্যাম্পেইনের প্রথম জনসেবা বিজ্ঞাপনের ঘোষণা করা হয়েছিলো 4 এপ্রিল, সোমবার, নিউ ইয়র্ক সিটিতে সিটি কলেজের (City College) একটি অনুষ্ঠানে এবং এটি নিউ ইয়র্কবাসীদের কে, কোথায়, কীভাবে নিরাপদে গাঁজা সেবন করতে পারবে সেই ধারণার সাথে পরিচয় করিয়ে দেয়। আজকের ঘোষিত নতুন ঢেউ এই ধারণাগুলির উপর আরো জোর দেয় এবং কথোপকথনকে চলমান রাখতে আরো তথ্য প্রদান করে। সকল জনসেবা বিজ্ঞাপন দর্শক ও শ্রোতাদের cannabis.ny.gov এ যেতে বলে যেখানে তারা গবেষণাকৃত, সত্যভিত্তিক তথ্য পাবে যাতে তারা তাদের জীবনে পড়বার, বন্ধু এবং কমবয়সীদের সাথে আলোচনার জন্য তথ্য পেতে পারে।

বিজ্ঞাপনের ছবি পাওয়া যাবে এখানে এবং ইংরেজি ও স্প্যানিশ ভাষায় বিজ্ঞাপনের ভিডিও পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্কের গাঁজা আইনের মনোযোগ জনস্বাস্থ্যতে এবং এটি জননিরাপত্তা, সামাজিক ন্যায়বিচার, এবং সমান অর্থনৈতিক বিকাশের ভিত্তিতে নকশা করা হয়েছে যাতে গাঁজা নিষেধাজ্ঞার কারণে হওয়া ক্ষতি পুষিয়ে নেওয়া যায়। সরকারি পলিসি পরিবর্তনের অংশ হিসেবে, আইনটিতে এমন জনস্বাস্থ্য শিক্ষা ক্যাম্পেইন আবশ্যক করা হয়েছে যা নিউ ইয়র্কবাসীদের নতুন আইন সম্পর্কে এবং জনস্বাস্থ্য ও নিরাপত্তায় গাঁজা সেবনের প্রভাব সম্পর্কে জানাবে।

**গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (Cannabis Control Board) প্রধান ট্রেমাইন রাইট বলেন,** "এই মাসে আমাদের প্রথম বিজ্ঞাপন শুরু করার পূর্বে, বেশির ভাগ নিউ ইয়র্কবাসী 1980র দশকের 'শুধু না বলো' এর বাইরে কোনও গাঁজা শিক্ষা লাভ করেনি। আমরা এই গাছের ব্যাপারে হৃদয় ও মানসিকতা ইতিমধ্যে পরিবর্তন করে দিচ্ছি, এবং নতুন এই স্পটগুলি দ্বারা আমরা কীভাবে এম্পায়ার স্টেটে নিরাপদে গাঁজা সেবন করতে হয় সে ব্যাপারে গভীর জ্ঞান প্রদান করছি।"

**গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management) নির্বাহী পরিচালক ক্রিস আলেক্সান্ডার বলেন,** "একটি কমবয়সী বাচ্চার পিতা হিসেবে আমি জানি গাঁজা পণ্য নিরাপদে রাখা এবং শিশুদের নাগালের বাইরে রাখা কতটা গুরুত্বপূর্ণ। এবং সকল নিউ ইয়র্কবাসীর মতোই আমি চাই সড়কগুলি নিরাপদ থাকুক। স্টেটজুড়ে প্রচার করা আমাদের নতুন "গাঁজা কথোপকথন" বিজ্ঞাপনগুলির কল্যাণে, আমি শান্তিতে ঘুমাতে পারবো এটা জেনে যে নিউ ইয়র্কবাসীরা সত্য এবং গাঁজা সেবনের সম্ভাব্য ঝুঁকির ব্যাপারে শিখতে পারছে।"

**নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি স্বাস্থ্য কর্মকর্তা অ্যাসোসিয়েশনের (New York State Association of County Health Officials) প্রত্যায়িত স্বাস্থ্য শিক্ষা বিশেষজ্ঞ (Certified Health Education Specialist. CHES) নির্বাহী পরিচালক সারাহ রাভেনহাল, মাস্টার অফ হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Master of Health Administration, MHA) বলেন,** "'গাঁজা কথোপকথন' ক্যাম্পেইনটি ইতিমধ্যে নিউ ইয়র্কবাসীদের মধ্যে গাঁজা ব্যবহারের স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকির ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করছে এবং গভর্নর এবং গাঁজা ব্যবস্থাপনা অফিস যে

কমবয়সীদের ব্যবহার ও অন্যান্য সমস্যা নিয়ে আরো গভীরে যাচ্ছে যা দেখে আমি উৎসাহিত হয়েছি। পিতামাতা ও কেয়ারগিভারদের কমবয়সীদের সাথে তাদের জীবনে গাঁজা ব্যবহারের ঝুঁকি নিয়ে আলোচনা করার জন্য কিছু ব্যবস্থা প্রয়োজন এবং 'গাঁজা কথোপকথন' তা সরবরাহ করছে। আমি নিউ ইয়র্কবাসীদেরকে এই কথোপকথনে যোগদান করতে এবং সত্য জানার জন্য cannabis.ny.gov ভিজিট করতে উৎসাহিত করছি।"

**আমেরিকান অটোমোবাইল অ্যাসোসিয়েশন (American Automobile Association, AAA) নর্থইস্টের জনগণ ও সরকারি অ্যাফেয়ার্সের পরিচালক জন কর্লেটি বলেন,** "নিউ ইয়র্কের প্রথম জনস্বাস্থ্য ক্যাম্পেইন 'গাঁজা কথোপকথন' এটি নিশ্চিত করছে যে নিউ ইয়র্কবাসীরা গাঁজায় আসক্ত হয়ে গাড়ি চালানোর ঝুঁকি সম্পর্কে জানে। 20 এপ্রিলকে সামনে রেখে, যখন অনেক বেশি মানুষ উদযাপন ও সেবনে যোগদান করবে, এই বার্তা বৃদ্ধি করে দেওয়া সঠিক পদক্ষেপ এবং আমরা আশা করছি যে নিউ ইয়র্কবাসীরা এখানে মনোযোগ প্রদান করছে কারণ যদি আপনি অন্যরকম বোধ করতে থাকেন তাহলে আপনি অন্যভাবে গাড়ি চালাবেন এবং আপনি নিজেকে এবং অন্যদের আহত করার এবং একই সাথে আইন লঙঘনেরও ঝুঁকি নিচ্ছেন।"

**মোটর ভেহিকেলস ডিপার্টমেন্টের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির প্রধান মার্ক জে. এফ. শ্রোডার বলেন,** "গাঁজায় আসক্ত হয়ে গাড়ি চালানো শুধু দায়িত্বহীন নয়, এটি আইনের বিরোধী এবং সম্পূর্ণ প্রতিরোধযোগ্য। গাঁজা ব্যবহারকারীদের প্রতি আমাদের বার্তা খুবই সরল: একটি যাতায়াতের ব্যবস্থা করার বুদ্ধিমান কাজটি করুন। আসক্ত অবস্থায় গাড়ি চালাবেন না।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন